# SIR SYED AHMED KHAN AND MD. IQBAL: VIEWS ON COLONIALISM AND NATIONALISM

STUDY MATERIALS FOR PLSA- SEMESTER-IV
CORE COURSE-8, MODULE-I, TOPIC-3
FROM: MR. VIVEKANANDA ROY
DEPARTMENT OF POLITICAL SCIENCE

## SHORT ANSWER TYPE QUESTIONS

### ❖ SIR SYED AHMED KHAN: VIEWS ON COLONIALISM AND NATIONALISM

1. 'রিজালা-আসহাব-ই-ভাগওয়াৎ-ই-হিন্দ' শীর্ষক গ্রন্থের রচয়িতা কে এবং মূল গ্রন্থটি কোন ভাষায় রচিত ?

The book 'Rizala-Ashab-i-Bhagwat-i-Hind' written by whom and in which language the original book was written?

》 'রিজালা-আসহাব-ই-ভাগওয়াৎ-ই-হিন্দ' শীর্ষক গ্রন্থের রচয়িতা স্যার সৈয়দ আহমেদ খান এবং মূল গ্রন্থটি উর্দু ভাষায় রচিত।

The book 'Rizala-Ashab-i-Bhagwat-i-Hind' was written by Sir Syed Ahmad Khan and the original book was written in Urdu.

2. 'রিজালা-আসহাব-ই-ভাগওয়াৎ-ই-হিন্দ' শীর্ষক গ্রন্থের ইংরেজি অনুবাদ কারা করেন এবং অনুবাদিত গ্রন্থটির নাম কী ?

Who translated the book 'Rizala-Ashab-i-Bhagwat-i-Hind' in English and what is the name of the translated book?

》 স্যার অকল্যান্ড কলভিন এবং লেফটেন্যান্ট কর্নেল গ্রাহাম 'রিজালা-আসহাব-ই-ভাগওয়াৎ-ই-হিন্দ' শীর্ষক গ্রন্থের ইংরেজি অনুবাদ করেন এবং অনুবাদিত গ্রন্থের নাম হল 'The Causes of the Indian Revolt' (১৮৭৩)।

Sir Auckland Colvin and Lt. Cornel Graham translated the book 'Rizala-Ashab-i-Bhagwat-i-Hind' and the name of the translated book is 'The Causes of the Indian Revolt'(1873).

3. 'Translation Society' কে কবে প্রতিষ্ঠা করেন?

Who, when formed 'Translation Society'?

》 স্যার সৈয়দ আহমেদ খান ১৮৬৪ সালে 'Translation Society' প্রতিষ্ঠা করেন।

Sir Syed Ahmed Khan formed 'Translation Society' in 1864.

4. 'The Present State of Indian Politics' (১৮৮৮) শীর্ষক গ্রন্থটি কার লেখা?

Who wrote the book 'The Present State of Indian Politics'(1888)?

》 'The Present State of Indian Politics' (১৮৮৮) শীর্ষক গ্রন্থটি স্যার সৈয়দ আহমেদ খানের লেখা।

Sir Syed Ahmed Khan wrote the book 'The Present State of Indian Politics'(1888).

5. Mohammedan Anglo Oriental College কে কবে কোথায় প্রতিষ্ঠা করেন?

Who, when and where formed Mohammedan Anglo Oriental College?

》 স্যার সৈয়দ আহমেদ খান ১৮৭৫ সালে আলিগড়ে Mohammedan Anglo Oriental College প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে ১৯২০ সালে এটি Aligarh Muslim University- তে রূপান্তরিত হয়।

Sir Syed Ahmed Khan formed Mohammedan Anglo-Oriental College in the year 1875 in Aligarh. Later in 1920 it turned into Aligarh Muslim University.

6. স্যার সৈয়দ আহমেদ ভারতে শাসক ও শাসিতের মধ্যে যোগাযোগ রাখার জন্য কোন সংস্থার ওপর গুরুত্ব আরোপ করেছেন?

To communicate between the ruler and the ruled in India Sir Syed Ahmed gave importance on which organization?

》 স্যার সৈয়দ আহমেদ ভারতে শাসক ও শাসিতের মধ্যে যোগাযোগ রাখার জন্য আইন পরিষদের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

To communicate between the ruler and the ruled in India Sir Syed Ahmed gave importance on Legislative Council.

7. কংগ্রেস হল প্রকৃতপক্ষে 'a civil war without arms'- কে বলেছেন ?

Congress is actually 'a civil war without arms'- who said?

》 কংগ্রেস হল প্রকৃতপক্ষে 'a civil war without arms'- স্যার সৈয়দ আহমেদ খান বলেছেন।

Congress is actually 'a civil war without arms'- said by Sir Syed Ahmed Khan.

8. স্যার সৈয়দ আহমেদ খান প্রকাশিত যেকোনো দুটি পত্রিকার নাম লেখো।

Write any two name of the magazines published by Sir Syed Ahmad Khan.

》 স্যার সৈয়দ আহমেদ খান প্রকাশিত দুটি পত্রিকার নাম হল 'Tehzeeb-ul-Akhlaq'(Mohammedan Social Reformer) এবং 'The Aligarh Institute Gazette'।

Name of two magazines published by Sir Syed Ahmed Khan are 'Tehzeeb-ul-Akhlaq'(Mohammedan Social Reformer) and 'The Aligarh Institute Gazette'.

9. স্যার সৈয়দ আহমেদ ভারতের জাতীয় কংগ্রেসের এক বিকল্প হিসাবে কবে কোন সংস্থা গড়ে তোলেন?

Which organisation was formed as a substitute of Indian National Congress by Sir Syed Ahmed Khan?

স্যার সৈয়দ আহমেদ ভারতের জাতীয় কংগ্রেসের এক বিকল্প হিসাবে ১৮৮৮ সালে United Indian Patriotic Association গড়ে তোলেন।

Sir Syed Ahmed Khan formed United Indian Patriotic Association as a substitute of Indian National Congress in 1888.

10. স্যার সৈয়দ আহমেদ খানের রাজনৈতিক চিন্তার মূল ভিত্তি কি ছিল?

What was the very basis of the political thought of Sir Syed Ahmed Khan?

》 স্যার সৈয়দ আহমেদ খানের রাজনৈতিক চিন্তার মূল ভিত্তি ছিল ইসলামী সত্তা সংক্রান্ত তাঁর নিজস্ব উপলব্ধি এবং ইজতিহাদের তত্ত্ব।

The very basis of the political thought of Sir Syed Ahmed Khan was self-realisation of Islamic identity and the theory of Iztihad.

## ❖ MD. IQBAL: VIEWS ON COLONIALISM AND NATIONALISM

1. মহম্মদ ইকবালের চিন্তাধারার প্রধান দুটি পর্যায় কী কী?

   What are the two main phases of Md. Iqbal's political thought?

》 মহম্মদ ইকবালের চিন্তাধারার প্রথম পর্যায় ভারতীয় জাতীয়তাবাদ সম্পর্কিত এবং দ্বিতীয় পর্যায় ধর্মীয় জাতীয়তাবাদ ও মুসলিম রাজনৈতিক চিন্তা-চেতনার প্রতি পৃষ্ঠপোষকতা সম্পর্কিত।

The first phase of Iqbal's political thought was related with Indian nationalism and the second phase was related with religious nationalism and to support the Islamic political thought.

2. মহম্মদ ইকবালের রচনাসমূহ ও বক্তৃতার মূল উৎস কী ছিল?

   What were the main sources of the essays and lectures of Md. Iqbal?

》 মহম্মদ ইকবালের রচনাসমূহ ও বক্তৃতার মূল উৎস ছিল তাঁর সমকালীন ভারতের নানা ঘটনা ও সামাজিক দর্শন।

The main sources of the essays and lectures of Md. Iqbal were the various contemporary incidents of India and social philosophy.

3. মহম্মদ ইকবালের মতানুসারে, প্রাচ্যে পাশ্চাত্যের আধিপত্যের অবসান কীভাবে সম্ভব?

   According to Md. Iqbal, how the Western hegemony on the East will be abolished?

》 মহম্মদ ইকবালের মতানুসারে, প্রাচ্যের গৌরবময় অতীত বিশেষ করে ইসলাম ধর্মের গভীর মানবিক ঐতিহ্যের পুনর্জাগরণের মাধ্যমেই প্রাচ্যে পাশ্চাত্যের আধিপত্যের অবসান সম্ভব।

According to Md. Iqbal, the glorious past of the East specially of Islam religion and reawakening of those will cause for abolishing Western hegemony on the East.

4. "সারে জাঁহাসে আচ্ছা"-বিখ্যাত পংক্তিটি কার কোন কবিতার?

   "Sare Jahan Se Accha"- the famous line written by whom and of which poem?

》 "সারে জাঁহাসে আচ্ছা"-বিখ্যাত পংক্তিটি মহম্মদ ইকবালের রচিত 'তারানা-ই-হিন্দ' কবিতার।

"Sare Jahan Se Accha"- is the famous line of the poem 'Tarana-i-Hind' written by Md. Iqbal.

5. মহম্মদ ইকবালকে "The most daring intellectual modernist India has produced" বলে কে কোথায় বর্ণনা করেছেন?

   Who described and where Md. Iqbal as "the most daring intellectual modernist India has produced"?

》 ফজলুর রহমান তাঁর 'Islam'(১৯৭২) শীর্ষক গ্রন্থে মহম্মদ ইকবালকে "the most daring intellectual modernist India has produced" বলে বর্ণনা করেছেন।

Fazlur Rahman in his book titled 'Islam' (1972) described Md. Iqbal as "the most daring intellectual modernist India has produced."

6. 'নয়া শিবালা' কবিতার রচয়িতা কে? কবি তাঁর এই কবিতায় ভারতকে কি হিসাবে কল্পনা করেছেন?

   Who is the writer of the poem 'Naya Shivala'? In this poem the poet imagined India as what?

》 'নয়া শিবালা' কবিতার রচয়িতা মহম্মদ ইকবাল। তিনি এই কবিতায় ভারতকে একটি দেবালয় হিসাবে কল্পনা করে সব সম্প্রদায়ের সম্মিলন স্থান রূপে দেখিয়েছেন।

Md. Iqbal is the writer of the poem 'Naya Shivala'. In this poem he imagined India as Temple where all the communities could assimilate themselves.

7. "The Muslim demand for creation of a Muslim India within India is...perfectly justified"- উক্তিটি কার?

   "The Muslim demand for creation of a Muslim India within India is...perfectly justified"-Who said?

》 "The Muslim demand for creation of a Muslim India within India is...perfectly justified"- উক্তিটি মহম্মদ ইকবালের।

"The Muslim demand for creation of a Muslim India within India is...perfectly justified"-said by Md. Iqbal.

8. মহম্মদ ইকবাল তাঁর কোন কবিতার মাধ্যমে মুসলমানদের জন্য জাতীয় সংগীত সৃষ্টি করেন?

   Through which poem Md. Iqbal created the national anthem for Muslims?

》 মহম্মদ ইকবাল তাঁর 'তারানা-ই-মিল্লি' কবিতার মাধ্যমে মুসলমানদের জন্য জাতীয় সংগীত সৃষ্টি করেন।

Through the poem 'Tarana-i-Milli' Md. Iqbal created the National Anthem for Muslims.

9. কাকে 'পাকিস্তানের আত্মিক জন্মদাতা' বলে বর্ণনা করা হয়?

   Who described as 'the soul founder of Pakistan'?

》 মহম্মদ ইকবালকে 'পাকিস্তানের আত্মিক জন্মদাতা' বলে বর্ণনা করা হয়।

Md. Iqbal was described as 'the soul founder of Pakistan'.

10. মহম্মদ ইকবালের দর্শনকে 'Iqbalism Philosophy' বলে কে কোন গ্রন্থে অভিহিত করেছেন?

    Who stated and in which book that the philosophy of Iqbal as 'Iqbalism Philosophy'?

》 Maitre Luce-Claude তাঁর 'Introduction to the Thought of Iqbal' শীর্ষক গ্রন্থে ইকবালের দর্শনকে 'Iqbalism Philosophy' বলে অভিহিত করেছেন।

Maitre Luce-Claude in his book titled 'Introduction to the Thought of Iqbal' stated that the philosophy of Iqbal as 'Iqbalism Philosophy'.